



চলন্ত বাসে কিশোরীকে পালাক্রমে ধর্ষণের অভিযোগ; বাসের চালক গ্রেফতার



সংগৃহীত ছবি

ঢাকা থেকে বাড়ি ফেরার পথে চলন্ত বাসের মধ্যে এক কিশোরীকে পালাক্রমে ধর্ষণের অভিযোগ উঠেছে। চালকের বিরুদ্ধে এই ঘটনায় আটক করা হয়েছে বাস চালককে। গতকাল রোববার রাতের দিকে, হবিগঞ্জের নবীগঞ্জ-আউশকান্দি সড়কের ছালামতপুর এলাকা থেকে ভিক্তিম কিশোরীকে উদ্ধার করে পুলিশ ও সেনাবাহিনীর একটি দল। পুলিশ জানায়, ভুক্তভোগী কিশোরী ঢাকায় একটি গার্মেন্টস কর্মী। রাজধানী থেকে বাসে করে বাড়িতে যাচ্ছিলেন তিনি। পথের মধ্যে ঘুমিয়ে পড়লে গন্তব্যের মধ্যে তাকে নামিয়ে নাহ দিয়ে মেয়েটিকে সিলেট পর্যন্ত নিয়ে যায় বাসটি। পরে সেখান থেকে হবিগঞ্জ যেতে ‘মা এন্টারপ্রাইজ’ নামের একটি বাসে করে গন্তব্য যাওয়ার জন্য উঠেন। শেরপুর পার হওয়ার পরেই বাসের অন্যান্য যাত্রীরা তাদের গন্তব্যে নেমে গেলে, কিশোরীকে একা পেয়ে পালাক্রমে নির্যাতন করে বাসের হেল্পার লিটন মিয়া ও চালক সাকিব। এমন অভিযোগ করেন ভুক্তভোগী কিশোরী

ভুক্তভোগী কিশোরীর চিক্কারের আওয়াজ শুনে আশপাশের সব লোকজন এসে বিষয়টি পুলিশ ও সেনা বাহিনীকে কল করে জানায়। পরে, ও এলাকার স্থানীয় মানুষের সহযোগিতায় টহল টিম বাসটি থামিয়ে ভুক্তভোগীকে উদ্ধার করে। তবে চালককে আটক করতে পারলেও চুরি করে পালিয়ে যায় হেলপার। এই ঘটনায় আইনি প্রক্রিয়ায় তাদের আদালতে তুলবে বলে পুলিশ জানায়।